# পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ

## মুর্শিদাবাদ জেলা শাখা

## বিজ্ঞান অভী(া ২০২৪

সময় ঃ ১ ঘ. ৪০ মি. **নবম শ্রেণি** পূর্ণমান - ১০০

নাম / Name ........................................

### *OMR* উত্তরপত্র নির্ভুল ভাবে পূরণ করার নির্দেশিকা

১) এই শিট ঠিকভাবে পূরণ করা খুব দরকার। কারণ এটাই উত্তরপত্র। এটাই জমা নেওয়া হবে। প্রশ্নপত্র জমা নেওয়া হবে না। ছাত্রছাত্রীরা প্রশ্নপত্র বাড়ি নিয়ে যাবে। ক্লাসের ইনভিজিলেটরের কাছে ভালভাবে বুঝে নিয়ে শুরু করতে হবে। নচেৎ ভুল হতে পারে। OMR ভুল হলে নতুন OMR সরবরাহ করা হবে না। তাই খুব সতর্কতার সঙ্গে OMR পূরণ করতে হবে।

২) চার সংখ্যা বিশিষ্ট রেজিস্ট্রেশন কোড ও চার সংখ্যা বিশিষ্ট Number (নং) লেখা অভ্যাস করার জন্য পরীক্ষার আগে অ্যাডমিট কার্ডের সঙ্গে OMR এর নমুনা দেওয়া হয়েছে। মনে রাখতে হবে OMR মূল্যায়ণের সব কাজ কম্পিউটারের মাধ্যমে হবে, মানুষের দ্বারা নয়। **ভুল ক্লাস বা ভুল রোল নম্বর লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।**

৩) অভীক্ষার্থী ও শিক্ষক / শিক্ষিকা সকলকে নজর রাখতে হবে এই শিটে কোন ভাঁজ বা কোন রকম দাগ না পড়ে।

৪) OMR পূরণের সময় কালো বা নীল বল পেন ব্যবহার করতে হবে। জেল পেন বা পেনসিলে নয়। হোয়াইটনার ব্যবহার করা যাবে না। সঠিক উত্তরের অপশানটির গোল ফাঁকা জায়গাটি পেন দিয়ে ভরাট করতে হবে, অন্য কোন রকম চিহ্ন (✓/ বা অন্য কিছু) দিলে হবে না। ভরাট করার সময় অতিরিক্ত চাপ দেবার দরকার নেই। কাগজ ফুটো হয়ে যেতে পারে।

৫) প্রতি প্রশ্নের উত্তর A,B,C,D এর মধ্যে মাত্র একটি ঠিক উত্তর হবে। ঠিক উত্তরের গোলাকার ফাঁকা জায়গাটি সম্পূর্ণ রূপে ভরাট করতে হবে। একাধিক গোল পূরণ করলে কোন নম্বর পাওয়া যাবে না। পূরণ করার আগে ভালভাবে ভাবতে হবে।

৬) প্রতি প্রশ্নের উত্তর করার সময় প্রশ্নপত্রের নম্বরের সঙ্গে OMR-এ প্রশ্নের নম্বরটি মিলিয়ে নিতে হবে। প্রশ্ন থাকবে 1,2,3 থেকে শুরু করে 50 পর্যন্ত।

৭) OMR শিটে পেন বা পেনসিলে রাফ কাজ করা যাবে না। আলাদা রাফ কাগজ দেওয়া হবে ঐ কাগজে রাফ করবে।

৮) OMR এ নাম রোল সহ অন্যান্য কাজ করার জন্য সময় ১২টা থেকে ১২টা ১০ মিনিট। পরীক্ষা শেষ হবে ১টা ৪০ মিনিটে ।

৯) পরীক্ষার ঘরে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ প্রভৃতি কোনো ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

1. নীচের স্তম্ভ দুটি মিলিয়ে সঠিক উত্তরটি নির্বাচন করো—

| স্তম্ভ-১ | স্তম্ভ-২ |
|---|---|
| a) মাইটোকনড্রিয়া | i) ফ্যাট-সংশ্লেষণ |
| b) মসৃণ ER | ii) টিউবিউলিন প্রোটিন |
| c) মাইক্রোটিউবিউল | iii) অর্ধ-স্বপ্রজননশীল অঙ্গানু |
| d) থাইলাকয়েড | iv) প্লাসটিড। |

A) a – (iii), b – (i), c – (ii), d – (iv) B) a – (ii), b – (i), c – (iv), d – (iii)
C) a – (iii), b – (ii), c – (i), d – (iv) D) a – (iv), b – (i), c – (iv), d – (iii)

2. আমাদের প্রশ্বাসের সময় মধ্যচ্ছদা—
A) প্রসারিত হয় B) সঙ্কুচিত হয়
C) প্রসারণ বা সংকোচন কোনটিই নয় না D) সবগুলিই ঠিক।

3. আমাদের দেহে যে শ্বেত কনিকা আগ্রাসন পদ্ধতিতে জীবানু ধ্বংস করে—
A) মনোসাইট ও লিম্ফোসাইট B) মনোসাইট ও নিউট্রোফিল
C) মনোসাইট ও ইওসিনোফিল D) বেসোফিল ও লিম্ফোসাইট।

4. মহাকাশযানে অক্সিজেন সরবরাহকারি উদ্ভিদটি হল—
A) ক্লোরেল্লা B) স্পাইরুলিনা C) প্রোক্লোরোকক্কাস D) স্পাইরোগাইরা।

5. পাকাফল যে শর্করার উপস্থিতির জন্য মিষ্টি হয় সেটি হল—
A) গ্লুকোজ B) ফ্রুক্টোজ C) সুক্রোজ D) গ্যালাকটোজ।

6. মাতৃদুগ্ধে যে ইমিউনোগ্লোবিন থাকে সেটি হল—
A) IgA B) IgG C) IgM D) IgD

**IX** (২)

7. কোন ব্যক্তি 7 মিটার ব্যাসার্ধের একটি অর্ধবৃত্তাকার মাঠের পরিধি বরাবর ব্যাসের অপর প্রান্তে গেল। ব্যক্তিটির সরণ হবে—
A) 14 মিটার B) 16 মিটার C) 22 মিটার D) 25 মিটার।

8. নীচের কোন্ বিবৃতিটি সঠিক নয়?
A) কোন বস্তুর বেগ আছে কিন্তু ত্বরণ নেই B) কোন বস্তুর বেগশূন্য কিন্তু ত্বরণ আছে
C) ঘূর্ণন গতিতে ঘূর্ণন অক্ষ অপরিবর্তিত থাকে D) কোন বস্তুর গড় বেগ শূন্য হলে তার গড় দ্রুতি শূন্য হবেই।

9. কোন একদিন কলকাতা ও দিল্লীতে তাপমাত্রা একই কিন্তু বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমান যথাক্রমে 80% ও 60% নীচের উক্তিগুলির মধ্যে কোন্‌টি সঠিক?
A) উভয়স্থানের আবহাওয়া সমান আরামদায়ক B) আবহাওয়া কোন স্থানে আরামদায়ক হবে অনুমান করা যাবে না
C) দিল্লীর আবহাওয়া আরামদায়ক হবে D) কলকাতার আবহাওয়া আরামদায়ক হবে।

10. একটি পরমাণু M এর ভরসংখ্যা 27 এবং নিউট্রন সংখ্যা 14 হলে $M^{3+}$ এ ইলেকট্রন সংখ্যা হবে—
A) 13 B) 11 C) 10 D) 24

11. বর্ষাকালে খাদ্যলবন কাগজে মুড়ে রাখলে কাগজটি ভিজে যায় কারণ—
A) খাদ্যলবণ একটি উদ্‌ত্যাগীপদার্থ। এর কেলাসে অবস্থিত জল বাইরে বেরিয়ে কাগজকে ভিজিয়ে দেয়
B) খাদ্যলবণ একটি উদ্‌গ্রাহী পদার্থ। বায়ু থেকে জল শোষণ করে, তাই কাগজ ভিজে যায়
C) খাদ্যলবণের সঙ্গে সামান্য পরিমান CaO মিশে থাকে যা বায়ু থেকে জল শোষণ করে কাগজ ভিজায়
D) খাদ্যলবণে অশুদ্ধি হিসাবে সামান্য পরিমাণ $MgCl_2$ বা $CaCl_2$ এর ন্যায় উদ্‌গ্রাহী পদার্থ মিশে থাকে।

12. তুমি বহরমপুরে দুটি বিকারে একটিতে চিনির এবং অন্যটিতে কলিচুনের সম্পৃক্ত দ্রবণ তৈরি করে দ্রবণ গুলিকে দার্জিলিং এ নিয়ে গেলে। দ্রবণ দুটির প্রকৃতি কী রূপ হবে? [বহরমপুর ও দার্জিলিং এর উষ্ণতা যথাক্রমে $35^0C$ ও $9^0C$]
A) দুটি দ্রবনই সম্পৃক্ত থাকবে
B) দার্জিলিং এর উষ্ণতা বহরমপুরের চেয়ে কম হওয়ায় দুটি দ্রবণ থেকে যথাক্রমে চিনি ও কলিচুন অধঃক্ষিপ্ত হবে
C) চিনির দ্রবণ থেকে চিনি অধঃক্ষিপ্ত হবে কিন্তু কলিচুনের দ্রবণটি অসম্পৃক্ত হয়ে যাবে
D) দুটি দ্রবণই অসম্পৃক্ত হয়ে যাবে।

22

13. সোডিয়াম কার্বনেটের দ্রবণে সামান্য (2-3 ফোঁটা) মিথাইল অরেঞ্জ যোগ করে একটি স্ট্র দিয়ে বেশ কিছুক্ষণ ফুঁ দিতে থাকলে দ্রবণের বর্ণের কী রূপ পরিবর্তন হবে?
A) সোডিয়াম কার্বনেটের দ্রবণ অম্লধর্মী হওয়ায় দ্রবণ লাল বর্ণের হবে, ফুঁ দিলে বর্ণহীন হবে
B) সোডিয়াম কার্বনেটের দ্রবণ ক্ষারীয় হওয়ায় দ্রবণ হলুদ বর্ণের হবে, ফুঁ দিলে $CO_2$ দ্রবণটিকে প্রশমিত করবে ফলে দ্রবণটি কমলা হবে
C) সোডিয়ামকার্বনেটের দ্রবণ প্রশম হওয়ায় দ্রবণ কমলা বর্ণের হবে। ফুঁ দিলে $CO_2$ দ্রবণটিকে আম্লিক করে দেয় ফলে দ্রবণটি লাল হবে
D) কোনটিই নয়।

14. নীচের কোন্ বাক্যটি সঠিক নয়?
A) নিরক্ষর রেখা বরাবর হাঁটলে সময় পরিবর্তন হয়
B) মূলমধ্যরেখা বরাবর হাঁটলে জলবায়ু পরিবর্তন হয়
C) কলকাতা (৮৮°৩০′ পূ.) পাটনা (৮৫°১′ পূ.) দিল্লি (৭৭°১২′ পূ.) তিনটি স্থানের স্থানীয় সময় একই হবে
D) কলকাতা, পাটনা, দিল্লি তিনটি স্থানের প্রমাণ সময় একই হবে।

15. জব্বলপুরের‘ব্যালান্স রক’ এর গোলাকৃতি হওয়ার কারণ—
A) যান্ত্রিক আবহবিকার B) রাসায়নিক আবহবিকার C) পুঞ্জিতক্ষয় D) অগ্ন্যুপাত।

16. $\pi$ এবং সম্পর্কে কোন্‌টি সঠিক?
A) দুটিই মূলদ সংখ্যা B) দুটিই অমূলদ সংখ্যা
C) $\pi$ অমূলদ এবং মূলদ D) $\pi$ মূলদ এবং অমূলদ।

17. $4 \times 5^x = 500$ হলে $x^x$ এর মান—
A) 8 B) 1 C) 64 D) 27

18. একটি বৃত্তের বৃহত্তম জ্যা এর প্রান্তবিন্দুদ্বয় (4,0) এবং (–4, 0) হলে, বৃত্তটির ব্যাসার্ধের দৈর্ঘ্য—
A) 2 একক B) 4 একক C) 6 একক D) 8 একক।

19. $2x + 3y + 5 = 0$ এবং $4x + 6y + 11 = 0$ সমীকরণদ্বয়ের সমাধান সংখ্যা—
A) মাত্র একটি B) অসংখ্য C) কোনো সমাধান নেই D) কোনটিই নয়।

IX (৩)

20. $a^3+b^3+c^3 = 3abc$ হলে $(a+b+c)$ এর মান কত?

A) –1 B) 0 C) 1 D) 2

21. PQR ত্রিভুজে $\angle PQR=90^0$ এবং PR = 5 সেমি PR বাহুর মধ্যবিন্দু S হলে QS এর দৈর্ঘ্য কত?

A) সেমি B) $5\sqrt{2}$ সেমি C) 5 সেমি D) $\frac{5}{2}$ সেমি।

22. বিক্রয়মূল্যের উপর 25% ক্ষতি হলে ক্রয়মূল্যের ওপর ক্ষতির হার কত?

A) 28% B) 25% C) 21% D) 20%

23. ABCD সামান্তরিকের ভিতরে O যেকোন একটি বিন্দু। $\Delta AOB +$ COD = 16 বর্গসেমি হলে ABCD সামান্তরিকের ক্ষেত্রফল হবে—

A) 4 বর্গসেমি B) 8 বর্গসেমি C) 32 বর্গসেমি D) 64 বর্গসেমি।

24. একটি ঘড়ির ঘন্টার কাঁটা ও সেকেন্ডের কাঁটার গতিবেগের অনুপাত কত—

A) 720 : 1 B) 72 : 1 C) 12 : 1 D) 1 : 720

25. ABC এর AD, BE ও CF মধ্যমা তিনটি G বিন্দুতে মিলিত হয়েছে। BCG ও ABC এর ক্ষেত্রফলের অনুপাত কত?

A) 1:3 B) 3:1 C) 1:9 D) 9:1

26. একটি বৃত্তাকার ক্ষেত্রের পরিধি ও ক্ষেত্রফলের সংখ্যামান পরস্পর সমান। ওই বৃত্তের পরিলিখিত বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য—

A) একক B) 4 একক C) $2\sqrt{2}$ একক D) 2 একক।

27. $\log_2 3 = a$ হলে $\log_{27} 8$ হবে—


A) a B) $\frac{1}{3a}$ C) $\frac{1}{a}$ D) 3a

28. একটি ত্রিভুজের অর্ধপরিসীমা থেকে প্রতিটি বাহুর দৈর্ঘ্যের অন্তর 9 সেমি, 7 সেমি ও 5 সেমি হলে ত্রিভুজটির ক্ষেত্রফল হবে—

A) $2\sqrt{5}$ বর্গসেমি B) $63\sqrt{15}$ সেমি C) $24\sqrt{3}$ বর্গসেমি D) $21\sqrt{15}$ বর্গসেমি।

29. যদি কোনো সাংকেতিক ভাষায় GOLD কে লেখা হয় IQNF তবে সেই ভাষায় WIND কে কী লেখা যাবে?

A) VHMC B) YKPF C) XJOE D) DNIW

30. 

চিত্রটিতে ত্রিভুজের সংখ্যা কয়টি?

A) 3 B) 7

C) 8 D) 9

31. সৌর জগতের সবচেয়ে উজ্জ্বল গ্রহ—

A) শুক্র B) বুধ C) শনি D) প্লুটো।

32. কোন্ দেশে ভেড়ার সংখ্যা সে দেশের লোক সংখ্যার চেয়ে পনেরো গুণ বেশি?

A) সুইজারল্যান্ড B) তুরস্ক C) অস্ট্রেলিয়া D) কাজাকিস্তান।

33. সুন্দরবনকে হেরিটেজ সাইট (Heritage Site) বলা হয়েছে নিম্নোক্ত কোন্‌টির উপস্থিতির জন্য?

A) চিংড়ি মাছের চাষ B) ম্যানোগ্রোভ অরণ্য

C) জোয়ার-ভাটার উপস্থিতি D) ব্যাঘ্র সংরক্ষণ।

34. এবছর (2024) অলিম্পিকে এক ভারতীয় দুটি পদক অর্জন করেছেন। তিনি স্বাধীনতার পর প্রথম ভারতীয় যার হাত ধরে একই অলিম্পিকে দুটি পদক পেয়েছে ভারত। তিনি কে?

A) মনু ভাকর B) সরবজ্যোতি সিং C) মেরিকম D) নীরজ চোপরা।

35. সুনীতা উইলিয়ামস হলেন একজন—

A) টেনিস খেলোয়াড় B) রাজনীতিবিদ্ C) রসায়নবিদ্ D) মহাকাশচারী।

36. মেধা পাটেকর নীচের কোন্ আন্দোলনের সঙ্গে সম্পর্কিত?

A) পণপ্রথা বিরোধী আন্দোলন B) তেভাগা আন্দোলন

C) চিপকো আন্দোলন D) নর্মদা বাঁচাও আন্দোলন।

37. একটি বস্তুর ওজন কোথায় সবচেয়ে বেশি?

A) বিষুব রেখায় B) মেরুতে C) খনির মধ্যে D) পাহাড়ে।

38. 'অলচিকি' বর্ণমালা ব্যবহার করে যে ভাষা সেটি কোন্ ভাষা?

A) সাঁওতালি B) মালয়ালাম C) গারো D) কিন্নরি।

IX (৪)

39. 'India before and after mutiny' (ভারত সিপাহী বিদ্রোহের আগে ও পরে) রচনাটি কার?
A) অমর্ত্য সেন B) অন্নদাশঙ্কর রায় C) আচার্য প্রফুল্লচন্দ্র রায় D) ইরফান হাবিব।

40. 'ম্যাঙ্গোসেনসাস' দ্বারা গণনা করা হয় কোন্ প্রাণীদের?
A) বাঘ B) সিংহ C) ময়ূর D) হাতি।

41. বিশ্বপরিবেশ দিবস সম্পর্কে কোন কথাটি ঠিক নয়—
A) ১৯৭২ সালে সুইডেনের স্টকহোম শহরে ৫ই জুন থেকে ১৬ই জুন মানবিক পরিবেশ নিয়ে সর্বপ্রথম সর্ব বৃহৎ সম্মেলন অনুষ্ঠিত হয় ও পরের বছর থেকে সারা বিশ্বে ৫ই জুন দিনটিকে বিশ্বপরিবেশ দিবস হিসাবে পালন করা হয়।
B) প্রতি বছর বিশ্ব পরিবেশ বিষয়ে একটি ভাবনা (থিম) স্থির করা হয় ও ঐদিন থেকে সারা বছরটি ধরে মূলতঃ সচেতনতামূলক কাজ হয়।
C) ২০২৪ সালের ভাবনা আছে প্লাস্টিক দূষণের সমাধান।
D) ২০২৪ অর্থাৎ বর্তমান বছরের অতিথি দেশটি হল রিয়াধ।

42. ভুল তথ্য চিহ্নিত কর—
A) আমাদের দেশে প্রত্যেক শিশুকে জন্মের পর থকে দেড় বছর বয়স পর্যন্ত ৬টি মারাত্মক রোগের প্রতিষেধক বিনামূল্যে দেওয়া হয় এগুলি হল—যক্ষা, পোলিও, ধনুস্টংকার, হুপিংকাশি ডিপথেরিয়া ও হাম।
B) উপরের সব রোগগুলি ব্যাকটিরিয়া জীবাণু দ্বারা হয়
C) আলেকজান্ডার ফ্লেমিং ও আর্নস্ট চেইন ব্যাকটিরিয়া ধ্বংস করার ওষুধ আবিষ্কার করেন
D) এই সব কারণে গত একশো বছরে মানুষের আয়ু (জীবনকাল) তিনগুণের চেয়ে বেশি বেড়েছে।

43. এর মধ্যে কোনটি ভুল কথা?
A) এখন থেকে দু হাজার চারশো বছর আগে অ্যারিস্টটল নামে এক গ্রীক পন্ডিত ছিলেন, যিনি বিজ্ঞানের বহু বিষয়ে অনুসন্ধান করেছেন।
B) লুই পাস্তুর ছিলেন ফরাসী জীবাণু বিজ্ঞানী। তিনি জলাতঙ্ক রোগের টিকা আবিষ্কার করেন।
C) এডওয়ার্ড জেনার ম্যালেরিয়া রোগের জীবাণু আবিষ্কার করেন।
D) ভারতের বহু প্রাচীন পুঁথিপত্র ঘেঁটে আচার্য প্রফুল্লচন্দ্র লেখে "এ হিস্ট্রি অব হিন্দু কেমিস্ট্রি" নামে একটি মূল্যবান বই।

44. প্লাস্টিক দূষণ কমাতে, তোমার মতে নিচের কোনটি সম্ভব নয়?
A) 'Reduce, Royale, Reuse' নীতি প্রয়োগের মাধ্যমে প্লাস্টিক ব্যবহার করতে হবে।
B) প্লাস্টিক পুরোপুরি বাতিল করার কথা ভারতে হবে।
C) পাতলা প্লাস্টিক যা ইতি মধ্যে নিষিদ্ধ হয়েছে; সেগুলির উৎপাদন পুরোপুরি বন্ধ করতে হবে।
D) প্লাস্টিকের পরিবর্তে কাগজ, মাটি, পাট ও অন্যান্য গাছের তন্তু দিয়ে তৈরি জিনিস ব্যবহারের দিকে নজর দিতে হবে।

45. তুমি সোম মঙ্গল বুধ বৃহস্পতি এর চারদিন বিকেলের জলখাবার (টিফিন) হিসাবে এই খাবার গুলি খেয়েছে। তোমার মতে কোন দিনের খাবার সবচেয়ে স্বাস্থ্য সম্মত হয়েছে—
A) সোমবার — দোকানের কেনা চপ, সিঙ্গাড়া ও মুড়ি B) মঙ্গলবার — বাড়ির তৈরি ছোলা সেদ্ধ, মুড়ি, শশা
C) বুধবার — ম্যাগি নুডুলস, শশা D) বৃহস্পতিবার — এককাপ হরলিক্স ও একটা ছোট কেক।

46. নিচের দেওয়া তথ্যগুলির মধ্যে কোনটি ঠিক নয়?
A) শ্রীনিবাস রামানুজন — ইনি ভারতের একজন মহান গণিতবিদ। অল্প বয়সেই তিনি নিরক্ষরেখার দৈর্ঘ্য নির্ণয় করেছিলেন
B) বিজ্ঞানী বিকাশ সিনহা — এই জেলার একজন বিশিষ্ট পদার্থ বিজ্ঞানী। ভাবা অ্যাটোমিক রিসার্চ সেন্টার সহ আরো অনেক গুরুত্বপূর্ণ পদে থেকে দায়িত্ব পালন করেছেন। ২০২৩ সালে তিনি মারা যান
C) স্টিফেন উইলিয়াম হকিং — পৃথিবী-বিখ্যাত ইংরেজ পদার্থ বিজ্ঞানী। তিনি তেজস্ক্রিয় রেডিয়াম নিয়ে কাজ করেন।
D) অসীমা চ্যাটার্জী — বিখ্যাত জৈব রসায়নবিদ। আমাদের দেশের ভেষজ গাছপালার রাসায়নিক প্রকৃতি বিষয়ে বিস্তৃত কাজ করেন।

47. অ্যাসিড বৃষ্টি সম্পর্কে যে কথাগুলি বলা হয়েছে তার মধ্যে কোনটি ঠিক নয়?
A) শিল্পাঞ্চলে, তাপবিদ্যুৎ কেন্দ্র অঞ্চলে জীবাশ্ম জ্বালানি পোড়ানোর সময় বাতাসে যথেষ্ট পরিমাণে সালফার ও নাইট্রোজেনের অক্সাইড গ্যাস মেশে। বৃষ্টির জলে মিশে তা অ্যাসিড বৃষ্টি বা অম্লবৃষ্টি ঘটায়।
B) অ্যাসিড বৃষ্টিতে শস্যের ক্ষতি হয়, মাটি ও পুকুরের জল আম্লিক হয়ে পড়ে। এর ফলে কৃষিজ ফসল উৎপাদন ও মৎস উৎপাদন ক্ষতিগ্রস্থ হয়
C) মানুষের তৈরি সুন্দর ভাস্কর্য, সৌধ, মিনারের ক্ষয় ঘটায়
D) মানুষ ও জীবজন্তুর ত্বক পুড়ে গিয়ে ফোস্কা পড়ে।

IX (৫)

48. মন্টুর দিদির মাঝে মাঝে 'ভর' হয়। সেই সময় দিদি অস্বাভাবিক আচরণ করে। অদ্ভূত কথাবার্তা বলে। এ ব্যাপারে আত্মীয়স্বজন প্রতিবেশীরা মন্টুর বাবা মাকে নানা পরামর্শ দেয়। নিচের পরামর্শ গুলির কোনটি তোমার ঠিক বলে মনে হয়—

A) কোন অপদেবতা তার ওপর ভর করেছে। এসব ক্ষেত্রে ওঝা-গুনিনরা ভাল কাজ করে।

B) কোন দেবতা অসন্তুষ্ট হওয়াতে এরকম হয়েছে। ঐ দেবতার পূজো ও যাগযজ্ঞ করলে দেবতা সন্তুষ্ট হবে ও এটা সেরে যাবে।

C) এটা একটা মনের অসুখ। মনোবিদের পরামর্শ ও দিদির আত্মীয় পরিজনের সহৃদয় ব্যবহার এই রোগমুক্তি ঘটাতে পারে।

D) ভর আসা অবস্থায় তার মধ্যে দেবতার ক্ষমতা আসে। তারা অনেক কিছু বলতে পারে। কঠিন অসুখ সারিয়ে দিতে পারে। এটা প্রচার করে ভাল অর্থ উপার্জনের সুযোগ আছে।

49. ইনি কে?

মহারাষ্ট্রের মানুষ। একজন চিকিৎসক। কুসংস্কারের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার জন্য তিনি সুপরিচিত তিনি বলেন গডম্যান বা অবতারদের অলৌকিক শক্তির বিষয়টি ভুয়ো। যে কোন রকমের 'কালা যাদু', অস্পৃশ্যতা, জাতিভেদ, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে তিনি সোচ্চার ছিলেন। তিনি ২০১৩ সালে আততায়ীর গুলিতে নিহত হন—

A) মহাত্মাগান্ধী B) বাবা সাহেব আম্বেদকর

C) নরেন্দ্র অচ্যুত দাভোলকর D) গোবিন্দ পানসারে।

50. নিচের কোন বিবৃতিগুলি ঠিক বলে তোমার মনে হয়?

ক) যে কোন প্রয়োজনে রাত্রে ছেলেরা ঘরের বাইরে যেতে পারে কিন্তু মেয়েদের যাওয়া উচিৎ নয়।

খ) যে কোন প্রয়োজনে রাত্রে ঘরের বাইরে বেরোনোর ক্ষেত্রে ছেলে মেয়ের মধ্যে কোন পার্থক্য থাকা উচিৎ নয়।

গ) মেয়েদের নিরাপত্তার দায়িত্ব মেয়েদেরই নিতে হবে।

ঘ) মেয়েদের নিরাপত্তার দায়িত্ব গোটা সমাজকেই নিতে হবে।

A) ক ও গ B) খ ও ঘ C) খ ও গ D) ক ও ঘ।